বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

**বিজ্ঞপ্তি**

তারিখ ঃ ১৩.০১.২০২২

নং শা-১/৭১/সংস্থাপন

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমনের বর্তমান পরিস্থিতি বিবেচনায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সার্বিক কার্যাবলী/চলাচলে আরোপকৃত বিধি-নিষেধসমূহ (এতদ্বসঙ্গে সংযুক্ত) প্রতিপালন করার জন্য এ বিশ্ববিদ্যালয়ের সকলকে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে
স্বাঃ/-রেজিস্ট্রার

তারিখ ঃ ১৩.০১.২০২২

মেমো নং শা-১/৭১(১২০)/সংস্থাপন

অবগতি ও প্রয়োজনীয় কার্য-ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলো-

১. সকল অনুষদীয় ডিন/কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি/ছাত্র বিষয়ক উপদেষ্টা।
২. রেজিস্ট্রার/ট্রেজারার/ পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন।
৩. পরিচালক, জিটিআই/বাউরেস/বাউএক/প্রফেসর মুহাম্মদ হোসেন কেন্দ্রীয় ল্যাবরেটরি/প্রফেসর গোলাম আলী ফকির সীড প্যাথলজি সেন্টার/ইনস্টিটিউট অভ্ এগ্রিবিজনেজ অ্যান্ড ডেভেলেপমেন্ট স্টাডিজ/কৃষি মিউজিয়াম/ পরিবহন/আইসিটি সেল/পিজিডি-ইন-আইসিটি প্রকল্প/ইন্টারডিসিপ্লনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি/ ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুর্যান্স সেল/নিরাপত্তা কাউন্সিল/মাৎস্য বিজ্ঞান মাঠ গবেষণা কমপ্লেক্স/হাওর ও চর উন্নয়ন ইনস্টিটিউট/ ফিস মিউজিয়াম এন্ড জার্মপ্লাজম সেন্টার/ইন্টারন্যাশনাল ডেস্ক/ফ্যাবল্যাব।
৪. প্রধান, সকল বিভাগ/শাখা/অফিস।
৫. পরিচালক, ভেটেরিনারি টিচিং হাসপাতাল।
৬. সকল হলের প্রভোষ্ট এবং সুপার, পরমাণু বিজ্ঞানী ড. এম. এ ওয়াজেদ মিয়া পি-এইচ.ডি ডরমেটরি।
৭. প্রোক্টর।
৮. গ্রন্থাগারিক।
৯. চীফ মেডিকেল অফিসার।
১০. প্রধান, খামার তত্ত্বাবধায়ক।
১১. প্রধান প্রকৌশলী।
১২. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা।
১৩. পরিচালক, ক্রীড়া প্রশিক্ষণ।
১৪. প্রধান যন্ত্র প্রকৌশলী।
১৫. সকল এডিশনাল রেজিস্ট্রার, সংস্থাপন শাখা।
১৬. সকল এডিশনাল রেজিস্ট্রার, শিক্ষা বিষয়ক শাখা।
১৭. নির্বাহী মেডিকেল অফিসার, স্বাস্থ্য প্রতিষেধক শাখা।
১৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাকৃবি অতিথি ভবন ও কমিউনিটি সেন্টার।
১৯. ডেপুটি রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর সচিবালয়। মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়-এর সদয় জ্ঞাতার্থে।
২০. পরিষদ বিভাগ।
২১. ইনফরমেশন ও মনিটরিং সেল।
২২. গার্ড ফাইল, সংস্থাপন শাখা-১।

১৩/১/২০২২
রেজিস্ট্রার

Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৩১

২৬ পৌষ ১৪২৮
তারিখ: -------------------
১০ জানুয়ারি ২০২২

**বিষয়:** **করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ**

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন-এর প্রাদুর্ভাব ও দেশে এই রোগের সংক্রমণ পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত, দেশের আর্থ-সামাজিক অবস্থা, অর্থনৈতিক কর্মকাণ্ড সচল রাখা এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় আগামী ১৩ জানুয়ারি ২০২২ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সার্বিক কার্যাবলি/চলাচলে নিম্নবর্ণিত বিধি-নিষেধ আরোপ করা হলো:

১. দোকান, শপিংমল ও বাজারে ক্রেতা-বিক্রেতা এবং হোটেল-রেঁস্তোরাসহ সকল জনসমাগমস্থলে বাধ্যতামূলকভাবে সবাইকে মাস্ক পরিধান করতে হবে। অন্যথায় তাকে আইনানুগ শাস্তির সম্মুখীন হতে হবে;

২. অফিস-আদালতসহ ঘরের বাইরে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে। স্বাস্থ্যবিধি প্রতিপালনে ব্যত্যয় রোধে সারাদেশে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে;

৩. রেঁস্তোরায় বসে খাবার গ্রহণ এবং আবাসিক হোটেলে থাকার জন্য অবশ্যই করোনা টিকা সনদ প্রদর্শন করতে হবে;

৪. ১২ বছরের উর্ধ্বের সকল ছাত্র-ছাত্রীকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখের পরে টিকা সনদ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশের অনুমতি দেয়া হবে না;

৫. স্থলবন্দর, সমুদ্রবন্দর ও বিমানবন্দরসমূহে স্ক্রিনিং-এর সংখ্যা বাড়াতে হবে। পোর্টসমূহে ক্রু-দের জাহাজের বাইরে আসার ক্ষেত্রে নিষেধাজ্ঞা প্রদান করতে হবে। স্থলবন্দরগুলোতেও আগত ট্রাকের সাথে শুধুমাত্র ড্রাইভার থাকতে পারবে। কোনো সহকারী আসতে পারবে না। বিদেশগামীদের সঙ্গে আসা দর্শণার্থীদের বিমানবন্দরে প্রবেশ বন্ধ করতে হবে;

৬. ট্রেন, বাস এবং লঞ্চে সক্ষমতার অর্ধেক সংখ্যক যাত্রী নেয়া যাবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে কার্যকারিতার তারিখসহ সুনির্দিষ্ট নির্দেশনা জারি করবে। সর্বপ্রকার যানের চালক ও সহকারীদের আবশ্যিকভাবে কোভিড-১৯ টিকা সনদধারী হতে হবে।

৭. বিদেশ থেকে আগত যাত্রীসহ সবাইকে বাধ্যতামূলক কোভিড-১৯ টিকা সনদ প্রদর্শন ও Rapid Antigen Test করতে হবে;

৮. স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং মাস্ক পরিধানের বিষয়ে সকল মসজিদে জুমার নামাজের খুতবায় ইমামগণ সংশ্লিষ্টদের সচেতন করবেন। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ এ বিষয়টি নিশ্চিত করবেন;

৯. সর্বসাধারণের করোনার টিকা এবং বুস্টার ডোজ গ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রয়োজনীয় প্রচার এবং উদ্যোগ গ্রহণ করবে। এক্ষেত্রে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করবে;

১০. কোভিড আক্রান্তের হার ক্রমবর্ধমান হওয়ায় উন্মুক্ত স্থানে সর্বপ্রকার সামাজিক, রাজনৈতিক, ধর্মীয় অনুষ্ঠান এবং সমাবেশসমূহ পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বন্ধ রাখতে হবে; এবং

১১. কোনো এলাকার ক্ষেত্রে বিশেষ কোনো পরিস্থিতির সৃষ্টি হলে সেক্ষেত্রে স্থানীয় প্রশাসন সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করে ব্যবস্থা নিতে পারবে।

০২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০.০১.২০২২

(মোঃ সাইফুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮১১০৭
ই-মেইল: faco sec@cabinet.gov.bd

**১। সিনিয়র সচিব/সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ**
**২। বিভাগীয় কমিশনার (সকল)**

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/ বাংলাদেশ কোস্টগার্ড/ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী / ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ
৬। জেলা প্রশাসক (সকল)
৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)